

প্রেস বিজ্ঞপ্তি

১৫ ডিসেম্বর, ২০২১

বাউবি'তে শহীদ বুদ্ধিজীবী স্মরণে আলোচনা সভা




স্বাধীনতার চেতনায় সুশাসনের সোনার বাংলা বাস্তবায়নের মাধ্যমে শহীদ বুদ্ধিজীবীদের আত্মত্যাগের প্রতি সঠিক সম্মান দেয়া হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত জুম ওয়েবিনারে (১৪ ডিসেম্বর, ২০২১, সন্ধ্যা ৬টা) শহীদ বুদ্ধিজীবী দিবসের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ূন আখতার এ কথা বলেন। তিনি আরও বলেন, জাতির শ্রেষ্ঠ সন্তান শহীদ বুদ্ধিজীবীদেরকে নিয়ে শুধু আলোচনা এবং লেখালেখির মধ্যে সীমাবদ্ধ না রেখে তাদেরকে সঠিক সম্মান দেখানোর জন্য স্বাধীনতার চেতনায় উদ্বীপ্ত হতে হবে এবং সব কিছুর উর্ধে সকলকে ঐক্যবদ্ধ হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'সোনার বাংলা' বাস্তবায়ন করতে হবে। তিনি সকল শহীদ বুদ্ধিজীবী পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর ওপর গুরুত্ব আরোপ করেন।

আলোচনা সভায় শহীদ বুদ্ধিজীবী পরিবারের সদস্য সম্মানিত অতিথি মেঘনাগুহ ঠাকুরতা বলেন আমাদের স্বাধীনতা আন্দোলনের পিছনে রয়েছে সাংস্কৃতিক ও ভাষাগত জাতীয়তাবাদ, একটি স্বাধীন রাষ্ট্রের মূল্যবোধ ও চিন্তা চেতনা কি হবে যা বুদ্ধিজীবীরা জনমানুষের মধ্যে উদ্বেগ করেছিলেন। তাই পাকিস্তান সরকারের গণহত্যার নীলনকশা ছিল বুদ্ধিজীবী নিধন।

সম্মানিত অতিথি সৈয়দা সালমা হক শহীদদের সকল হত্যাকারীর বিচার দাবী করেন। অনেক শহীদ পরিবারের সদস্য এখনও কষ্টে দিনাতিপাত করছে তাদের প্রতি সরকারের দৃষ্টি কামনা করেন।

সভাপতির বক্তব্যে বাউবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম বুদ্ধিজীবীদের আত্মত্যাগের প্রতি সম্মান জানিয়ে প্রত্যেকের নিজ নিজ কর্মস্থল থেকে স্বাধীনতার চেতনা ও আদর্শ পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেয়ার আহবান জানান।

অনুষ্ঠানে বাউবি'র প্রো-উপাচার্য প্রশাসন অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বাউবি বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক সহকারী অধ্যাপক মেহেরীন মুন্জারীন রত্না আলোচনায় অংশ নেন। অনুষ্ঠানটি সঞ্চালন করেন বাউবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডা. সরকার মো: নোমান।


১৫. ১১. ২০২১

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল : ০১৭১২৫৯৯৫০৪